BICM
Endeavour Education Excellence

**বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট**
**৩৪, তোপখানা রোড, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ ও ৯ম-১০ম তলা), ঢাকা-১০০০**

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারকঃ বিআইসিএম/প্রশাসন/নিয়োগ ২০১৮-১৯/০০৪/১৮-১২৬০ তারিখঃ ১৭ ডিসেম্বর, ২০১৮

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর তত্ত্বাবধানে পরিচালিত একটি প্রতিষ্ঠান। ইনস্টিটিউটের প্রধান লক্ষ্য পুঁজিবাজারের জন্য দক্ষ জনবল তৈরি এবং তাত্ত্বিক ও প্রায়োগিক জ্ঞান প্রসার করা। ইন্সটিটিউটের শূন্য পদে স্থায়ী এবং চুক্তিভিত্তিক নিয়োগের জন্য নিম্নোক্ত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

**কর্মকর্তা/কর্মচারী**

| ক্রমিক নং | পদের নাম | আবেদনের জন্য সর্বোচ্চ বয়স সীমা | পদের সংখ্যা | বেতন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | উপ-পরিচালক (স্থায়ী) | ৪০ | ০১ | মূলবেতন-৬০,০০০/- টাকা,<br>অন্যান্য সুবিধাদিসহ মোট বেতন-৯৪,৩০০/-টাকা। | **(ক) শিক্ষাগত যোগ্যতাঃ**<br>ফিন্যান্স/ব্যবসায় প্রশাসন/ হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা/ অর্থনীতি অথবা পরিসংখ্যানে প্রথম শ্রেণির স্নাতক সম্মান (চার বৎসর মেয়াদী) ও প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি [সিজিপিএর ক্ষেত্রে উভয়টিতে ন্যূনতম ৩.২০ থাকতে হবে]<br>**(খ) অভিজ্ঞতাঃ**<br>সরকারী/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে ০৮ (আট) বছরের চাকুরী অথবা কোন প্রতিষ্ঠিত বেসরকারী আর্থিক বা বাণিজ্যিক প্রতিষ্ঠানের নির্বাহী হিসেবে ০৮ (আট) বছরের চাকুরী। |
| ০২ | ডেপুটি হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার (চুক্তিভিত্তিক) | ৪০ | ০১ | মূলবেতন-৬০,০০০/- টাকা,<br>অন্যান্য সুবিধাদিসহ মোট বেতন -৯৪,৩০০/- টাকা। | **(ক) শিক্ষাগত যোগ্যতাঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চার বৎসর মেয়াদী কম্পিউটার বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিকস ও কমিউনিকিশনস ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি।<br>**(খ) অভিজ্ঞতাঃ**<br>তথ্য প্রযুক্তি সেক্টরে নিম্নলিখিত বিষয়ে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতাঃ<br>ডেস্কটপ হার্ডওয়্যার, নেটওয়ার্ক কার্ডস্, প্রিন্টার, মোডেম ইন্সটলেসন, কনফিগারেশন, এবং আপগ্রেডিং সিসকো ফায়ার ওয়াল, রাউটার এবং সুইচ কনফিগারেশন ও ট্রাবলসুটিং; বেসিক ফাইবার ওপটিকস্ নেটওয়ার্ক সম্পর্কে জ্ঞান, রিমোট ও লোকাল ল্যান/ওয়ান এর ডিজাইন, ডকুমেন্টেশন ও স্থাপন লাইনাক্স ভিত্তিক মেইল সার্ভার এবং প্রক্সি সার্ভার এর ব্যবস্থাপনা। কম্পিউটার বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিংএ স্নাতকোত্তর ডিগ্রী। সিসিএনএ, সিসিএনপি, সিসিএসপি, এমসিপি, এমসিআইটিপি বা অন্য কোন লাইনাক্স, ইউনিক্স বা ওরাক্ল ভিত্তিক সার্টিফিকেটধারী |

 Nitca

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | অগ্রাধিকার পাবে। |
| ০৩ | অনুবাদক (স্থায়ী) | ৩২ | ০২ | মূলবেতন-৪৫,০০০/-টাকা, অন্যান্য সুবিধাদিসহ মোট বেতন ৭০,৫০০/- টাকা | যে কোন বিষয়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং একাধিক ভাষায় পারদর্শিতা বিশেষতঃ ফরাসী এবং স্প্যানিশ ভাষায় অনর্গল কথা বলা ও লেখার অভিজ্ঞতা। |
| ০৪ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (চুক্তিভিত্তিক) | ৩২ | ০১ | মূলবেতন-১৫,০০০/- টাকা, অন্যান্য সুবিধাদিসহ মোট বেতন - ২৬,৫০০/- টাকা। | **(ক) শিক্ষাগত যোগ্যতাঃ** কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীধারী। **(খ) অভিজ্ঞতাঃ** (১) প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় কম্পিউটার কম্পোজ ২০ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি এবং (২) সমমানের পদে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ০৫ | গাড়ি চালক (স্থায়ী) | ৩২ | ০১ | মূলবেতন-১২,০০০/- টাকা, অন্যান্য সুবিধাদিসহ মোট বেতন -২১,৭০০/- টাকা। | **(ক) শিক্ষাগত যোগ্যতাঃ** **অষ্টম শ্রেণি পাস।** **(খ) অভিজ্ঞতাঃ** হালকা যানবাহন চালনায় লাইসেন্সধারীসহ গাড়িচালনায় কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। |

* নির্বাচিত প্রার্থীগণ নিয়ম অনুযায়ী ইন্সটিটিউটের খরচে বিদেশে প্রশিক্ষণ এবং শিক্ষা ছুটির সুবিধা পাবেন।
* প্রতিষ্ঠানের কর্মচারীগণ সরকারি নিয়মানুযায়ী বাংলা নববর্ষ ভাতা ও উৎসব ভাতাসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন;

**শর্তাবলীঃ**

(১) আগ্রহী প্রার্থীর নাম, পিতার নাম/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (১৭ জানুয়ারি, ২০১৯ তারিখে), জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ বিআইসিএম এর ওয়েবসাইট (www.bicm.ac.bd/about/career) হতে সংগৃহীত আবেদনপত্রের নমুনা মোতাবেক স্বাক্ষরযুক্ত আবেদনপত্র ও প্রামানিক দলিল, সনদপত্র এবং নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি ডাকযোগে ***নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম), ৩৪, তোপখানা রোড, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ তলা ও ৯ম-১০ম তলা) ঢাকা-১০০০*** বরাবর **আগামী ১৭ জানুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।**

(২) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের অনুলিপি, মার্কশীট এর অনুলিপি, ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, নাগরিক সনদপত্রের অনুলিপি, অভিজ্ঞতার অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(৩) আবেদনপত্রের খামের উপরে ডান পাশে পদের নাম অবশ্যই উল্লেখ থাকতে হবে।

(৪) সরকারি, আধা-সরকারি,দপ্তর/সংস্থা, সায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(৫) ভুয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

(৬) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে বা তাকে প্রার্থীত পদে নিয়োগ দিতে বাধ্য থাকবে না।

(৭) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধিবিধান অনুসরণ করা হবে।

(৮) লিখিত পরীক্ষা/সাক্ষাতকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

(৯) কর্তৃপক্ষ পদের সংখ্যা/হ্রাস বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

(১০) প্রার্থীকে সাক্ষাতকারের সময় আবেদনপত্রের সাথে সকল সনদের ও প্রামাণিক দলিলের মূলকপি প্রদর্শন করতে হবে।

(১১) উল্লিখিত পদসমূহের বিপরীতে যাচিত যোগ্যতাসহ নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য বিআইসিএম এর ওয়েবসাইট www.bicm.ac.bd/about/career - এ পাওয়া যাবে।

(১২) নিয়োগ সংক্রান্ত বিষয়ে ইনস্টিটিউটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

Nitaenath 17/12/18
নির্বাহী প্রেসিডেন্ট (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট